# সারা দেশে রাত ৮টার মধ্যে দোকান-শপিংমল বন্ধের সিদ্ধান্ত



দোকান-শপিংমল- ছবি: সংগৃহীত

দেশে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের উদ্যোগে এবার ঢাকাসহ সারা দেশের দোকান ও শপিংমল রাত ৮টার মধ্যেই বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতি।

বৃহস্পতিবার এক বিজ্ঞপ্তিতে সংগঠনটি জানায়, বাংলাদেশ দোকান ব্যবসায়ী মালিক সমিতি এবং ঢাকা মহানগর দোকান ব্যবসায়ী মালিক সমিতির স্ট্যান্ডিং কমিটির যৌথ বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। আন্তর্জাতিক জ্বালানি সংকটের প্রভাব বিবেচনায় এনে সরকারকে সহায়তা করতেই এ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

তবে এ নিয়মের বাইরে থাকবে হোটেল, ফার্মেসি, কাঁচাবাজারসহ জরুরি সেবা প্রদানকারী দোকানগুলো।

LENS ASIA